

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 13-05-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**PM Addresses the Nation :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল জাতির উদ্দেশ্যে ভাষণ দিয়েছেন। তিনি বলেছেন, ভারতীয় সেনাবাহিনীর অপারেশন সিঁদুর শুধু একটি নাম নয়, এটি দেশবাসীর যৌথ আবেগ ও ক্ষমতার প্রতীক। এই সাফল্যের জন্য তিনি সেনা, গোয়েন্দাবাহিনী ও বিজ্ঞানীদের কুর্নিশ জানান। প্রধানমন্ত্রী বলেন, অপারেশন সিঁদুর সাময়িকভাবে স্থগিত রয়েছে। তবে সেনা, নৌ-বহর ও বিমান বাহিনী পরিস্থিতির দিকে কড়া নজর রেখেছে।

#####Byte-PM#####

তিনি বলেন, অপারেশন সিঁদুর সন্ত্রাস বাদের বিরুদ্ধে দেশের নয়া অবস্থানের পরিচায়ক। পাকিস্তান যে সন্ত্রাসবাদীদের মদতদাতা তা আজ গোটা বিশ্ববাসীর কাছে প্রমানিত।

#####Byte-PM#####

তিনি মনে করিয়ে দিয়েছেন, সন্ত্রাসবাদী হামলা এবং বাণিজ্য একই সঙ্গে চলতে পারে না। পাকিস্তান যদি সন্ত্রাসবাদীদের ফের মদত দেয় তাহলে একদিন তারা তাদের দেশকেই ধ্বংস করে দেবে।

#####Byte-PM#####

শ্রী মোদী স্পষ্ট জানিয়েছেন, এবার থেকে ভারতের ঘোষিত নীতি হল, পাকিস্তানের সঙ্গে কথা হলে তা পাক অধিকৃত কাশ্মীর এবং সন্ত্রাসবাদ নিয়েই হবে।

#####Byte-PM#####

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অপারেশন সিঁদুর এবং সেনাবাহিনীর যৌথ সাফল্যের সমস্ত কৃতিত্ব দেশের প্রতিটি মা-বোন ও কন্যার প্রতি উৎসর্গ করেছেন।

\*\*\*\*\*

#### **AirPort-Re open :**

ভারতের বিমানবন্দর কর্তৃপক্ষ বেসামরিক বিমান চলাচলের জন্য যে ৩২টি বিমানবন্দর ১৫ মে পর্যন্ত বন্ধের নির্দেশ দিয়েছিল, গতকাল থেকে সেই স্বগিতাদেশ তুলে নেয়া হয়েছে। যাত্রীদের বিমান সংস্কার ওয়েবসাইটে বিমান সুচির আপডেটগুলি পর্যবেক্ষণ করে পরামর্শ নেওয়ার জন্য বিমানবন্দর কর্তৃপক্ষের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

\*\*\*\*\*

#### **TRLM-South :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া গতকাল বাইথোড়ায় মহামুনি চিত্ত সুখ বুদ্ধ বিহারে বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে ত্রিপুরা আজীবিকা মিশনের উদ্যোগে মহিলা কৃষকদের জলবায়ু উপযোগী নারকেল রোপণ বিষয়ে দক্ষিণ জেলা ভিত্তিক সচেতনতা অনুষ্ঠানের সূচনা করেন। উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফু মগ, দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, বৌদ্ধ ভিক্ষু ভেন ধম্মদীপা প্রমুখ। শিবিরে সুবিধাভোগীদের মধ্যে নারকে চারা বিতরণ করা হয়।

\*\*\*\*\*

#### **DM office Meeting :**

যে কোনও ধরনের জরুরি অবস্থায় সিভিল ডিফেন্সের সদস্যদের কী করণীয় তা নিয়ে গতকাল পশ্চিম ত্রিপুরা জেলাশাসকের কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলাশাসক ডা. বিশাল কুমার বলেন, যে কোনও পরিস্থিতিতে সাধারণ মানুষ যাতে সুরক্ষিত থাকে তা সুনিশ্চিত করা এবং জরুরি পরিষেবার মাধ্যমগুলিকে সব সময় সচল রাখতে হবে। কোনও জরুরিকালীন পরিস্থিতি তৈরি হলে সাধারণ নাগরিকদের সুরক্ষিত রাখার

জন্য নিরাপদ আশ্রয়স্থলে পৌঁছানো, তাদের জন্য খাদ্য, পানীয় ও চিকিৎসার ব্যবস্থা, নাগরিকদের সতর্ক থাকার জন্য পদক্ষেপ গ্রহণ করা সহ জরুরিকালীন পরিস্থিতিতে খাদ্য সামগ্রী মজুত রাখা, যোগাযোগ ব্যবস্থাকে সক্রিয় রাখা ইত্যাদি বিষয় নিয়েও সভায় আলোচনা করা হয়। জরুরি পরিস্থিতি মোকাবিলায় সিভিল ডিফেন্সের পাশাপাশি ক্লাব ও সামাজিক সংগঠনগুলিকেও নাগরিক সুরক্ষায় এগিয়ে আসার জন্য সচেতন করার আহবান জানান তিনি।

\*\*\*\*\*

### **Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব ৩-১ গোলে সিমনা তমাকারী ফুটবল ক্লাবকে পরাজিত করে।

\*\*\*\*\*